

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৭৯৬

আগরতলা, ১৩ নভেম্বর, ২০২৪

রামকৃষ্ণ মহাবিদ্যালয়ের বিজ্ঞান ভবনে স্বাস্থ্য শিবির



উনকোটি জেলার অন্তর্গত নিশিরঞ্জন নন্দিতা মেমোরিয়াল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের উদ্যোগে রামকৃষ্ণ মহাবিদ্যালয়ের বিজ্ঞান ভবনে আজ ১৩ নভেম্বর, ২০২৪ এক স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। এদিন উক্ত শিবিরে স্বাস্থ্যকর্মীরা মোট ১৬ জনকে স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজনীয় ওষুধ প্রদান করেন। এর মধ্যে সাত জনের রক্তে হিমোগ্লোবিনের মাত্রা পরীক্ষা করা হয়। উক্ত অনুষ্ঠানে নিশিরঞ্জন নন্দিতা মেমোরিয়াল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের ভারপ্রাপ্ত চিকিৎসক ডাঃ আলিশা দেববর্মা রক্তাল্পতা রোধে কি কি করণীয়, পুষ্টিযুক্ত খাবারের গুরুত্ব, নিয়মিত টিকাকরণের গুরুত্ব এবং ডায়ারিয়া, ম্যালেরিয়া ও যক্ষ্মা রোগের লক্ষণ ও প্রতিরোধের উপায় নিয়ে সচেতনতামূলক আলোচনা করেন। এই শিবিরে উপস্থিত ছিলেন নিশিরঞ্জন নন্দিতা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের ভারপ্রাপ্ত চিকিৎসক ডাঃ আলিশা দেববর্মা ও গোলকপুর আয়ুষ্মান আরোগ্য মন্দিরের কমিউনিটি হেলথ অফিসার অর্পিতা দেবনাথ। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তরের ভারপ্রাপ্ত অধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।

\*\*\*\*\*